WEST BENGAL BOARD

QUESTION PAPER

2024

DOWNLOAD PDF

WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION

aglasem.com

KOGRAM HIGH SCHOOL (H.S.)

MADHYAMIK TEST EXAMINATION-2024

Sub.-BENGALI **F.M.-90**

Time-3 hrs 15 mints

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১৭X১=১৭

১.১. 'আমাদের পথ নেই আর'–'পথ' শব্দটি কবিতায় ব্যবহৃত হয়েছে–

ক) দু-বার খ) একবার গ) চারবার ঘ) তিনবার।

১.২. যুগান্তের কবি কী বলবেন–

ক) ক্ষমা চাই খ) ক্ষমা করো গ) ক্ষম মোরে ঘ) ক্ষমা করুন।

১.৩. তপনের লেখা গল্পের নাম কী ছিল ?

ক) ছুটি খ) অবসর গ) প্রথম দিন ঘ) কোনোটাই নয়।

১.৪. বিচিত্র সব ছদ্মবেশ ধারণ করে বহুরূপী সাজতেন–

ক) অনাদি খ) জগদীশবাবু গ) ভবতোষ ঘ) হরিদা।

১.৫. শ্রীপান্থের আসল নাম–

ক) অন্নদা শঙ্কর রায় খ) নিখিলনাথ রায় গ) নিখিল সরকার ঘ) সুবোধ ঘোষ।

১.৬. 'ইজার' শব্দের অর্থ–

ক) ধুতি খ) পাজামা গ) লুঙ্গি ঘ) জিনস।

১.৭. '...রোষে মহাবলী/মেঘনাদ ; ফেলাইলা'–কী ফেলার কথা বলা হয়েছে ?

ক) কুসুমদাম খ) কনক বল গ) শর ঘ) রণসাজ।

১.৮. 'কেবল আশ্চর্য'–আশ্চর্যের বিষয়টি ছিল–

ক) শরীরের গঠন খ) মাথার পাগড়ি গ) বাহারের দীনতা ঘ) দুটি চোখের দৃষ্টি।

১.৯. 'পিতলের চাইতে অ্যালুমিনিয়াম হালকা'-এই জ্ঞানটি হল–

ক) বিশেষ জ্ঞান খ) অসামান্য জ্ঞান গ) সামান্য জ্ঞান ঘ) সুগভীর জ্ঞান।

১.১০. অনুসর্গগুলি এক প্রকার–

ক) বিশেষ্য খ) অব্যয় গ) বিশেষণ ঘ) ক্রিয়া।

১.১১. 'বিভক্তি' শব্দের অর্থ হল–

ক) বিভাজন খ) অভাজন গ) ভক্তি ঘ) বিকৃতি করা।

১.১২. 'দশানন' পদটি কোন্ সমাসের উদাহরণ–

ক) দ্বিগু খ) বহুব্রীহি গ) দ্বন্দ্ব ঘ) তৎপুরুষ।

১.১৩. দ্বিগু সমাসের পূর্ব পদটি হল–

ক) গুণবাচক খ) সংখ্যাবাচক গ) বস্তুবাচক ঘ) ব্যক্তিবাচক।

১.১৪. 'ওমা, মেয়ে বলে কী।'–এটি কী ধরণের বাক্য ?

ক) প্রশ্ন সূচক খ) আবেগ সূচক গ) নির্দেশক ঘ) জটিল।

১.১৫. 'আমি একদিনও না দেখলেম তারে'–এটি কোন ধরণের বাক্য ?

ক) নঞর্থক বাক্য খ) অস্ত্যর্থক বাক্য গ) সদর্থক ঘ) বিপরীতার্থক।

১.১৬. 'মহাশয়ের থাকা হয় কোথায়'–এটি ——— উদাহরণ।

ক) কর্তৃবাচ্যের খ) কর্মবাচ্যের গ) ভাববাচ্যের ঘ) কর্মকর্তৃবাচ্যের।

১.১৭. কর্মবাচ্যের কর্তাকে বলে–

ক) উক্ত কর্তা খ) অনুক্ত কর্তা গ) সহযোগী কর্তা ঘ) ব্যতিহার কর্তা।

২. কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও : ১৯X১=১৯

২.১. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪X১=৪

২.১.১ অমৃতের জামা ছিঁড়ে যাওয়ার সত্ত্বেও তার মা তাকে কিছু বললেন না কেন ?

২.১.২ ইসাবের বাবার শান্ত গলা শুনে ইসাব ও অমৃত কী ভেবেছিল ?

২.১.৩ 'নদীর বিদ্রোহ' গদ্যাংশটি কার লেখা ?

২.১.৪ কাকে, কী সন্দেহে আটকে রাখা হয়েছিল ?

২.১.৫ নদের চাঁদ পেশায় কী ছিল ?

২.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৪X১=৪

২.২.১ পদ্মাবতী কাব্য গ্রন্থটি কোন সময়ের রচনা ?

২.২.২ সিংহলে যাত্রা কালে কে রত্নসেনকে সাহায্য করেছিলেন ?

২.২.৩ কবি অস্ত্রকে কোথায় সমর্পণ করতে বলেছেন ?

২.২.৪ 'আসছে এবার ..... কে কী ভাবে আসছেন ?

২.২.৫ 'বিদ্রুপ করছিলে ভীষণকে...' – কী ভাবে 'বিদ্রুপ' করছিল ?

২.৩. যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩X১=৩

২.৩.১ প্রাচীন সুমেরীয়রা কী ভাবে কলম বানাত ?

২.৩.২ ফিনিসীয় হলে লেখক কী করতেন ?

২.৩.৩ 'বৈজ্ঞানিক সন্দর্ভ'–বলতে কী বোঝানো হয়েছে ?

২.৩.৪ পরিভাষা সংকলনে কাদের চেষ্টা অধিকতর সফল হয়েছে বলেছেন প্রাবন্ধিক ?

২.৪. যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ৮X১=৮

২.৪.১ তির্যক বিভক্তি কাকে বলে ?

২.৪.২ অকারক পদ কাকে বলে ?

২.৪.৩ 'ব্রীহি' শব্দটির অর্থ কী ?

২.৪.৪ সমাস কাকে বলে ?

২.৪.৫ 'দৃঢ় প্রতিজ্ঞ'-শব্দটির ব্যাসবাক্য লিখে দেখাও।

২.৪.৬ সরল বাক্যে কয়টি বাক্যাংশ থাকে ?

২.৪.৭ প্রশ্নবোধক বাক্য কাকে বলে ?

২.৪.৮ বাক্য গঠনের শর্তগুলি কী কী ?

২.৪.৯ 'কোথায় থাকেন ?'–ভাববাচ্যে পরিবর্তন করো।

৩. প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : ৩+৩=৬

৩.১. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৩=৩

৩.১.১ 'আজ আর অন্য কথা নেই'– কোন্ দিনের কথা বলা হয়েছে ? সেদিন অন্য কোনো কথা নেই কেন ? ১+২

৩.১.২ 'বড়ো ভয় করিতে লাগিল নদের চাঁদের—কী কারণে নদের চাঁদের ভয় করিতে লাগিল ? ৩

৩.২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৩=৩

৩.২.১ 'কহ দাসে লঙ্কার কুশল'— বক্তা কে ? বক্তার এমন জিজ্ঞাসার কারণ কী ? ১+২

৩.২.২ 'হাত নাড়িয়ে বুলেট তাড়াই'—হাত নাড়িয়ে কবি কীভাবে বুলেট তাড়ান ? ৩

৪. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৫=৫

৪.১ 'উনি ঘটনাটা জানেন, শুধু ভালোবাসার ভান করছেন'—আসল ঘটনাটি কী ? উদ্দিষ্ট ব্যক্তি ভালোবাসার ভান করছিলেন কিনা বুঝিয়ে দাও। ২+৩

৪.২ "আমাদের তিনি আত্মীয়, শুভাকাঙ্খী, কিন্তু তাই বলে আমার দেশের চেয়ে তো তিনি আপনার নন।"— কে কার সম্পর্কে এমন মন্তব্য করেছেন ? এই উক্তির আলোকে বক্তার মনোভাবটি ব্যক্ত করো। ১+৪

৫. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৫=৫

৫.১. 'বজ্র শিখার মশাল জ্বেলে আসছে ভয়ংকর'– এখানে ভয়ংকর বলতে কাদের কথা বলা হয়েছে ? তাদের কী ভাবে আগমন ঘটছে নিজের ভাষায় লেখো। ১+৪

৫.২. 'সিন্ধুতীরে দেখি দিব্যস্থান'— এই দিব্যস্থানের পরিচয় দাও। এখানে যে উদ্যানটির কথা আছে তা বর্ণনা করো। ২+৩

৬. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৫=৫

৬.১. "কথায় বলে-কালি কলম মন, লেখে তিনজন।"–তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৬.২. 'প্রীতির সহিত মাতৃভাষার পদ্ধতি আয়ত্ত করতে হয়।"— কোন শ্রেণীর পাঠক সম্পর্কে লেখকের এই মন্তব্য ? তাঁর এই মন্তব্যের কারণ কী ? ১+৪

৭. কমবেশি ১২৫ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৪=৪

৭.১. মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ সঞ্চালনে ভূমিকম্প।" – কে কার সম্পর্কে এই মন্তব্য করেছে ? তাঁর সম্পর্কে বক্তার এরূপ মন্তব্যের কারণ কী ? ১+৩

৭.২. সিরাজদ্দৌলা নাট্য দৃশ্য অবলম্বনে ঘসেটি বেগমের চরিত্রটি বিশ্লেষণ করো। ৪

৮. কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২x৫=১০

৮.১. "এঁরা সুইমারদের কোচ, এভিসদের নয়।"— এখানে এঁরা বলতে কাদের কথা বলা হয়েছে ? মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+৪

৮.২. জুপিটারের যে সভায় ক্ষিতীশ সিংহ চিফ ট্রেনারের পদ ছেড়েছিলেন সেই সভার বর্ণনা দাও। ৫

৮.৩. "একবার, শুধু একবার যদি তেমন কারুর দেখা পাই।"— বক্তা কে ? তিনি কেন, কার দেখা পেতে চান ? ১+৪

৯. চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : ৪

Man is the maker of fortune. We can not prosper in our life if we are afraid of labour. Some people think that success in life depends on luck or chance. Nothing can be farther from truth.

১০. কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১x৫=৫

১০.১ সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

১০.২ তোমাদের পাড়ার ক্লাবে আয়োজিত রক্তদান শিবির-এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১. কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০

১১.১ কম্পিউটার ও আধুনিক পৃথিবী

১১.২ বাংলার কুটির শিল্প

১১.৩ তোমার প্রিয় লেখক

১১.৪ জনজীবনে সংবাদ পত্রের ভূমিকা।

—

QUESTION PAPERS

GET PREVIOUS YEAR QUESTION PAPERS FOR ALL CLASSES FOR CBSE, ISCSE, ISC AND ALL ALL STATE BOARDS HERE AT AGLASEM.COM

BOARD WISE

- Andhra Pradesh Board Question Papers
- Assam Board Question Papers
- Bihar Board Question Papers
- Chhattisgarh Board Question Papers
- Goa Board Question Papers
- Gujarat Board Question Papers
- Haryana Board Question Papers
- Himachal Pradesh Board Question Papers
- J&K State Board Question Papers
- Jharkhand Board Question Papers
- Karnataka Board Question Papers
- Kerala Board Question Papers
- Madhya Pradesh Board Question Papers
- Maharashtra State Board Question Papers
- Manipur Board Question Papers
- Meghalaya Board Question Papers
- Mizoram Board Question Papers
- Nagaland Board Question Papers
- Orissa Board Question Papers
- Punjab Board Question Papers
- Rajasthan Board Question Papers
- Tamil Nadu Board Question Papers
- Telangana State Board Question Papers
- Tripura Board Question Papers
- Uttarakhand Board Question Papers
- Uttar Pradesh (UP) Board Question Papers
- West Bengal (WB) Board Question Papers